

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রশাসন-২ অধিশাখা
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd


স্মারক নং- ৫১.০১.০০০০.০০৪.১১.০২৫.১৪(অংশ-৪). ৪০৫

তারিখ : ০৪-১১-২০২১ খ্রি.

বিষয় : সেবা সরবরাহকারী প্রতিষ্ঠানের মাধ্যমে আউটসোর্সিং পদ্ধতিতে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ে নিয়োজিত অফিস সহায়কদের তথ্য সরবরাহ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সেবা সরবরাহকারী প্রতিষ্ঠানের মাধ্যমে আউট সোর্সিং পদ্ধতি উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ে নিয়োজিত অফিস সহায়ক কর্মরত আছে কিনা সে তথ্য প্রতি মাসের শেষ কর্মদিবসে সংশ্লিষ্ট জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার নিকট প্রত্যয়ন প্রেরণের জন্য সকল উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাদের অনুরোধ জানানো হয়। একই সাথে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার প্রত্যয়ন সংরক্ষণ করে জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা তাঁর নিয়ন্ত্রণাধীন জেলার অফিস সহায়ক (আউট সোর্সিং) এর তথ্য প্রেরণের অনুরোধ জানানো হয়। কিন্তু বার বার টেলিফোনে তাগিদ দেয়া সত্ত্বেও কোন কোন জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয় হতে যথাসময়ে তথ্য পাওয়া যাচ্ছে না। ফলে কর্মরত অফিস সহায়কদের বেতন-ভাতাদি যথাসময়ে পরিশোধ করা সম্ভব হচ্ছে না। একজন নিম্ন বেতনভুক্ত কর্মচারী মাস শেষে যথাসময়ে বেতন পাওয়ার অধিকারী। প্রত্যয়ন না থাকায় যথাসময়ে বেতন ভাতাদি পরিশোধে বিলম্ব হচ্ছে, যা কাম্য নয়।

এক্ষুনে, প্রতি মাসের প্রথম কর্মদিবসে আউটসোর্সিং পদ্ধতিতে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ে নিয়োজিত অফিস সহায়কদের পূর্ববর্তী মাসের তথ্য জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগণ **শুধুমাত্র burhanddm@gmail.com ইমেইলে** প্রেরণ নিশ্চিত করবেন।


(মোঃ আতিকুল হক)
মহাপরিচালক
ফোন : ০২-৫৮৮১৫৪৯৫

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
..... (সকল)।

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

- ১। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা [অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোডের জন্য]।
- ২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, (সকল)। প্রতিমাসের শেষ কর্মদিবসে তাঁর কার্যালয়ের কর্মরত অফিস সহায়ক (আউট সোর্সিং) এর তথ্য আবশ্যিকভাবে সংশ্লিষ্ট জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ করবেন।